



কাপড় বৃহস্পতিবার, ২০শে আষাঢ়, ১৪০৯ □ Thursday, 4 July, 2002

কৃষি বিশ্ববিদ্যালয়ে স্নাতক পর্যায়ে সেমিস্টার পদ্ধতি চালু হচ্ছে

কৃষি বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥
বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার দীর্ঘ ৪১
বছর পর বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যা-
লয়ের স্নাতক পর্যায়ে প্রথমবারের
মত স্নাতকতার আয়নের এনুয়াল
সিস্টেম পরীক্ষা পদ্ধতির পরিবর্তে

২০০১-২০০২ শিক্ষাবর্ষ হতে
সেমিস্টার পদ্ধতি শুরু হতে যাচ্ছে।
সাথে সাথে ইংরেজী ভাষা, কম্পি-
উটার লিটারেচি, বায়োটেকনোলজি
ও এনভাইরনম্যান্টাল সাইন্স বিভা-
(১০ম পৃ: ডঃ)

কৃষি বিশ্ববিদ্যালয়ে (১১ম পৃ: পর)

গেও নয়া পদ্ধতি চালু হচ্ছে। ৭
জুলাই নবাগত প্রথম পর্বের শিক্ষা-
র্থীদের ক্লাস শুরুর মধ্য দিয়ে এই
নয়া কারিকুলাম শুরু হচ্ছে।

পরীক্ষা পদ্ধতির কারণে শিক্ষা-
র্থীদের সেশনজুটে পড়তে হয়েছে
বছরের পর বছর। মূল্যবান সময়
অপচয় ছাড়াও বাড়তি আর্থিক খরচ
দিতে হয়েছে শিক্ষার্থীদের। এক
সমীক্ষায় জানা যায়, চলতি বছরের
জুলাই পর্যন্ত সেশনজুটের কারণে
শিক্ষার্থীদের বাড়তি খরচ পড়েছে
৪ কোটি ৪২ লাখ ৩৫ হাজার
৭৫০ টাকা (খাকা-খাওয়া ছাড়া)।

কৃষি অনুষদে '৯৫-৯৬ সেশনে
১ বছর ৯ মাস, ৯৬-৯৭ সেশনে
১০ মাস, মাৎস্য বিজ্ঞান অনুষদ ও
কৃষি প্রকৌশল অনুষদে শুধু '৯৬-
৯৭ সেশনে ১০ মাস সেশনজুট
রয়েছে। ভেটেরিনারি, পশুপালন
ও কৃষি অর্থনীতি ও গ্রামীণ বিজ্ঞান
অনুষদে সেশনজুট নেই।

সেশনজুটের কারণে কৃষি অনু-
ষদের প্রতি সেশনে ২৫০ জন
শিক্ষার্থীকে মাসিক ফি বাবদ ১৫
টাকা পরিণোদে বাড়তি টাকার
পরিমাণ ১ লাখ ১৬ হাজার ২৫০
টাকা। প্রতি বছর জুনে ৭০
হাজার টাকা সরকারের বাড়তি খরচে
টাকার পরিমাণ ৩ কোটি ৫০ লাখ
(বিশ্ববিদ্যালয় বাজেটের হিসাবে)।
টিউশন ফিগহ মোট খরচ দাঁড়ায় ৩
কোটি ৫১ লাখ ১৬ হাজার ২৫০
টাকা। অনুরূপভাবে মাৎস্য বিজ্ঞান
অনুষদের প্রতি সেশনে ৭০ জন
শিক্ষার্থী ও কৃষি প্রকৌশল কারিগরি
অনুষদে প্রতি সেশনে ৬০ জন

শিক্ষার্থীর মোট খরচের পরিমাণ
যথাক্রমে ৪৯ লাখ ১০ হাজার ৫শ'
এবং ৪২ লাখ ৯ হাজার টাকা।
সব মিলিয়ে বাড়তি খরচের পরিমাণ
৪ কোটি ৪২ লাখ ৩৫ হাজার ৭৫০
টাকা।

গত ৩০ জুন বিদায়কালে কৃষি
অনুষদের ডীন প্রফেসর ডঃ লুৎফুর
রহমান ও নয়া ডীন প্রফেসর ডঃ
আবদুল হালিম নয়া পদ্ধতিকে
যোগাভকারী সাফন্যা হিসেবে আখ্যা
দিয়ে বলেন, এখন থেকে সেশনজুট
থাকবে না। তারা নতুন পদ্ধতি
বাস্তবায়নে শিক্ষকদের সহযোগিতা
কামনা করেন।